# জাতীয় বিপর্যয়ে রাজনৈতিক ঐক্য ও সহমর্মিতার অনুরোধ তারেক রহমানের



বিএনপির প্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান: সংগৃহীত ছবি

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তে প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, “এই শোকের মুহূর্তে রাজনৈতিক ভেদাভেদ ভুলে সবাইকে সংহতি ও সহানুভূতির সঙ্গে দেশের পাশে দাঁড়াতে হবে।”

মঙ্গলবার (২২ জুলাই) রাতে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন।

তারেক রহমান বলেন, “মাইলস্টোন ট্র্যাজেডিতে যারা প্রাণ হারিয়েছেন এবং তাদের শোকাহত পরিবারগুলোর প্রতি আমি গভীর সমবেদনা জানাচ্ছি। এ মুহূর্তে জাতিকে ঐক্যবদ্ধ থেকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।”

তিনি গণতন্ত্রকামী সকল রাজনৈতিক শক্তি ও নাগরিকদের প্রতি শান্ত থাকার এবং উত্তেজনা বা সংঘাত এড়িয়ে চলার আহ্বান জানান। বলেন, “আমাদের সমাজে সহনশীলতা ও আত্মসংযমই এখন সবচেয়ে প্রয়োজন। মব উচ্ছৃঙ্খলতা বা সংঘাত উসকে দেওয়ার কোনও চেষ্টা যেন কেউ না করে।”

বিবৃতিতে নিষিদ্ধ ঘোষিত ছাত্র সংগঠনের কিছু সদস্যের উসকানিমূলক তৎপরতা নিয়ে উদ্বেগ প্রকাশ করে তারেক রহমান বলেন, “জাতির এই শোকাবহ সময়ে কেউ যেন রাজনৈতিক সুবিধা আদায়ের অপচেষ্টা না করে। বরং আমাদের মনোযোগ দিতে হবে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানো এবং আহতদের চিকিৎসা ও নিখোঁজদের সন্ধানে সর্বোচ্চ চেষ্টা চালানোয়।”

তিনি আরও বলেন, “এই দুর্ঘটনার প্রকৃত কারণ উদ্ঘাটনে একটি নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্ত হওয়া জরুরি। আমরা যেন দায়িত্বশীলভাবে তদন্তকারীদের সহযোগিতা করি, যাতে ভবিষ্যতে এমন মর্মান্তিক ঘটনা রোধ করা সম্ভব হয়।”